NIS ১.১ (৩৮ কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা
www.bsb.gov.bd

নম্বর ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০২.২২.১৩

তারিখ: ২০ পৌষ ১৪২৯
০৪ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারী-মার্চ/২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা আগামী ১০-০১-২০২৩ তারিখ সকাল ১১.০০ টায় বোর্ডের মিনিকনফারেন্স কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যদের স্বাস্থ্যবিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-১-২০২৩
মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৩) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৪) উপ-প্রধান নিরীক্ষক, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৫) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৬) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিসহ নোটিশটি বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার জন্য।
৭) মোঃ রুবেল, কেয়ার টেকার, প্রশাসান ও সংস্থাপন, প্রশাসন। সভা কক্ষ প্রস্তুতসহ আপ্যায়নের ব্যবস্থা করার জন্য।

"জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারী-মার্চ/২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ এমদাদুল বারী<br>মহাপরিচালক (অ:দা:) |
| সভার তারিখ | ১০-০১-২০২৩ খ্রি: |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | বোর্ডের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমানে করোনা ভাইরাস সংক্রমণ কম হলেও সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার নির্দেশ প্রদান করেন । বিশেষ করে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে সকলকে সরকারি নির্দেশনা অনুসরণের জন্য বলেন। অত:পর তিনি পরিচালক (প্রশাসন) হিসেবে সভা পরিচালনা করেন। পরিচালক (প্রশাসন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত ৩য় কোয়ার্টারে উল্লিখিত প্রতিটি বিষয়/কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, কর্মপরিকল্পনার আলোচ্য সূচী

১.৩ এর আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪(চার) কোয়ার্টারে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। ১ম ও ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা হয়েছে। ৩য় কোয়ার্টারে উপপরিচালক রাজশাহীকে সভা আয়োজন করার জন্য পত্র দেয়া হয়েছে। সভাগুলিতে আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। সুধীজন বোর্ডের স্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ মার্চ/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

১.৫ এ "নথি বিনষ্টকরণ" এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করার জন্য বাস্তবায়নের বিনষ্টযোগ্য নথি তালিকাসহ ২০জানুয়ারী/২০২৩ তারিখের মধ্যে বিভাগীয় প্রধানের অনুমোদনসহ দায়িত্বপ্রাপ্ত কমিটির নিকট জমা দিতে হবে। কমিটি সচিবালয় নির্দেশমালা ২০১৪ ও সরকারি বিধি মোতাবেক যাবতীয় কার্যক্রম পরিচালনা করে (বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করে) আগামী ১৫ মার্চ/২০২৩ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।

১.৬ এ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক ২৬-০১-২০২৩ তারিখ লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে যা নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।

২.২ এর আলোকে বার্ষিক ক্রয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথ বাস্তবায়ন করতে হবে। ২.৩ এর বাজেট বাস্তবায়ন হিসাব বিভাগ (রাজস্ব ২৫%) এবং প্রকল্প পরিচালক (উন্নয়ন ৩০%) লক্ষ্যমাত্রা রয়েছে। পরিচালক প্রশাসন আরো জানান, ২য় কোয়ার্টারে ২য় কিস্তির বাজেট মন্ত্রণালয় হতে দেরীতে ছাড়ের করণে ২.২ ও ২.৩ এর লক্ষ্যমাত্রা যথাসময়ে বাস্তবায়ন হয়নি। সভাপতি বলেন, ১ম, ২য় কোয়ার্টারের ঘাটতিসহ ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে। ২.৪ এর প্রেক্ষিতে প্রকল্পের PIC সভার আয়োজন করতে হবে এবং সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী সংযুক্ত থাকতে হবে।

৩.২ অনুযায়ী দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালাটি আগামী মার্চ/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।

৩.৩ প্রশিক্ষণপ্রাপ্ত চাষী /বসনীদের তথ্য যাচাই: এ বিষয় পরিচালক সম্প্রসারণ বলেন, বোর্ডের চলমান তিনটি প্রকল্পের মধ্যে অত্র ২য় কোয়ার্টারে রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে পার্বত্য প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ প্রকৃত চাষী/বসনীগনকে দেয়া হচ্ছে কি না তা দৈবচয়ন ভিত্তিতে ব্যাচ নির্বাচন করে নির্বাচিত ব্যচের ২৫ জন প্রশিক্ষণার্থীর তথ্য সরজমিনে যাচাই করা হবে। এ বিষয় পার্বত্য প্রকল্পের প্রকল্প পরিচালককে পত্র দেয়া হয়েছে। পার্বত্য প্রকল্পের প্রকল্প পরিচালক মার্চ/২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।

৩.৪ মোবাইল ফাইন্যান্সিয়ার সার্ভিস এর মাধ্যমে রেশম গুটির মূল্য পরিশোধের; মৌসুম ভিত্তিক রেশম গুটির মূল্য পরিশোধের তালিকা থেকে দৈবচয়ন ভিত্তিতে নির্বাচিত ২০জন চাষী/বসনীর সাথে মোবাইলফোনে যোগাযোগ করে টাকা প্রাপ্তির সত্যতা যাচাই করা হবে। পার্বত্য প্রকল্পের প্রকল্প পরিচালক মার্চ/২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে

সভাপতি পর্যায়ক্রমে বোর্ডের প্রত্যেকটি বিভাগ/শাখা বিভাগীয়/শাখা প্রধানগনকে পরিদর্শন করে নথি/পত্র অনিস্পন্ন রয়েছে কিনা তা পর্যবেক্ষণ করার জন্য অনুরোধ করেন। অত্র কোয়ার্টারে পরিচালক প্রশাসনকে প্রশাসন বিভাগ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(১) ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করতে হবে। সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে এবং সুধীজন, রেশম চাষীসহ স্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে

বাস্তবায়নে: সম্প্রসারণ বিভাগ।

(২) ১.৫ সচিবালয় নির্দেশমালা ২০১৪ ও সরকারি বিধি মোতাবেক "নথি বিনষ্টকরণ' এর যাবতীয় কার্যক্রম পরিচালনা করে আগামী ১৫ মার্চ/২০২৩ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি।

(৩) আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক ২৬-০১-২০২৩ তারিখ লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে যা নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।

বাস্তবায়নে: প্রশাসন বিভাগ।

(৪) প্রশাসন বিভাগ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) ।

উল্লিখিত বিষয়গুলো স্ব-স্ব বাস্তবায়নকারী কর্তৃপক্ষ বাস্তবায়ন করে প্রতিবেদনসহ গ্রহণযোগ্য প্রমাণক কার্যক্রমের আলোচ্য সূচি নং উল্লেখ্য পূর্বক যথাসময়ে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোহাম্মদ এমদাদুল বারী)
মহাপরিচালক (অ:দা:)

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০২.২২.১১৩(ক) তারিখ: ১১ জানুয়ারি ২০২৩

অনুলিপি:বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(প্রশাসন)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৩) প্রকল্প পরিচালক (সকল) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৪) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৫) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী।
৬) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক (প্রশা/কসা)/হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (পরি)/সম্প্রসারণ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (ল্যাবঃ)/সহকারী পরিচালক(মনিটরিং)/উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৭) পি এ টু মহাপরিচালক,বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮) অফিস কপি।

মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (প্রশাসন) (অ:দা:)

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

**১০-০১ ২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বোর্ডের মিনি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারী-মার্চ/২৩) এর নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।**

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | পরিচালক (অর্থ ও পরিকল্পনা)<br>পরিকল্পনা বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১০/০১/২০২৩ |
| ২ | পরিচালক (সম্প্রসারণ)<br>পরিচালক (প্রশাসন)(অ:দা:)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | |
| ৩ | পরিচালক (উৎপাদন ও বিপণন)<br>উৎপাদন ও বিপণন বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | |
| ৪ | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব)<br>বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | 10/01/2023 |
| ৫ | প্রধান সম্প্রসারণ কর্মকর্তা<br>প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা(অ:দা:)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। | ১০/০১/২৩ |
| ৬ | প্রধান পরিকল্পনা কর্মকর্তা(অ:দা:)<br>নির্বাহী প্রকৌশলী<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১০/০১/২০২৩ |
| ৭ | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা<br>হিসাব বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১০/০১/২০২৩ |
| ৮ | উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা<br>নিরীক্ষা বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১০/০১/২০২৩ |
| ৯ | জনসংযোগ কর্মকর্তা<br>জনসংযোগ বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১০.০১.২০২৩ |
| ১০ | | |
| ১১ | | |
| ১২ | | |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক

# নৈতিকতা কমিটির সভা

## সভাপতি : জনাব মোহাম্মদ এমদাদুল বারী

মহাপরিচালক (অ.দা.), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

তারিখ : ১০/০১/২০২৩ রোজ : মঙ্গলবার, বেলা- ১১.০০ ঘটিকা

**আয়োজনে : বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী**



